

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৭৮

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ একজন মানুষকে যা কিছু প্রদান করা হয়, তার মধ্যে সর্বোৎকৃষ্ট হলো সচ্চরিত্র

ذَكَرُ الْبَيَانِ أَنَّ حُسْنَ الْخُلُقِ مِنْ أَفْضَلِ مَا أُعْطِيَ الْمَرْءُ فِي الدُّنْيَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ صَالِحٍ بْنِ ذَرِيحٍ بِعُكْبَرَا قَالَ: حَدَّثَنَا هَنَادُ بْنُ السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنْ مِسْعَرٍ وَالثَّوْرِيِّ عَنْ زِيَادِ بْنِ عِلَاقَةَ: عَنْ أُسَامَةَ بْنِ شَرِيكَ قَالَ: قَالُوا: يَا رَسُولَ اللَّهِ مَا أَفْضَلُ مَا أُعْطِيَ الْمَرْءُ الْمُسْلِمُ؟ قَالَ: (حُسْنُ الْخُلُقِ).

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 478 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৭৮. উসামা বিন শারীক রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, সাহাবীগণ বললেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, একজন মুসলিম ব্যক্তিকে যা কিছু প্রদান করা হয়, তন্মধ্যে সর্বোত্তম কোনটি?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “সচ্চরিত্র।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু শায়বাহ: ৮/৫১৪; তাবারানী আল কাবীর: ৪৭০; আত তায়ালিসী: ১২৩৩; তাবারানী: ৪৬৩; মাজমা'উয যাওয়াইদ: ৮/২৪।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৪৭৬।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উসামাহ্ ইবনু শরীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88942>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন